

## 💵 আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ২৪৯

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১) আযান দেয়ার প্রতি উদ্বুদ্ধকরণ ও আযানের ফযীলতের বর্ণনা

الترغيب في الأذان وما جاء في فضله

## আরবী

(صحيح) وَعَنْ سَلْمَانَ الْفَارِسِيِّ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: "إِذَا كَانَ الرَّجُلُ بِأَرْضِ قِيِّ، فَحَانَتِ الصَّلاةُ فَلْيَتَوَضَّأْ، فَإِنْ لَمْ يَجِدْ مَاءً فَلْيَتَيَمَّمْ، فَإِنْ أَقَامَ صَلَّى خَلْفَهُ مِنْ جُنُودِ اللَّهِ مَا لَا يُرَى طَرَفَاهُ" . رواه عبد الرزاق

## বাংলা

২৪৯. (সহীহ্) সালমান ফারেসী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ

"কোন ব্যাক্তি যদি জনশুন্য স্থানে বা জঙ্গলে থাকে, আর সালাতের সময় হয়ে যায়, তবে সে যেন ওযু করে নেয়। পানি না পেলে যেন তায়াম্মুম করে। অতঃপর যদি একামত দিয়েই সালাত আরম্ভ করে, তবে তার সাথে দু'জন ফেরেশতাও (যারা সর্বদা তার সাথে থাকে তারা) সালাত আদায় করবে। আর যদি আযান দিয়ে একামাত দেয়, তবে তার পিছনে আল্লাহ্ তা'আলার এত সংখ্যক বাহীনি (ফেরেশতা) উপস্থিত হয় যে, উভয় প্রান্তে তাদের সীমানা দেখা যায় না।"

(আবদুর রাজ্জাক স্বীয় [মুসান্নাফ] গ্রন্থে হাদীছটি বর্ণনা করেছেন ১৯৫৫। তিনি ইবনুত্ তায়মী থেকে, তিনি তার পিতা থেকে, তিনি আবু উছমান নাহদী থেকে, তিনি সালমান ফারেসী থেকে বর্ণনা করেন।)

## হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ সালমান ফারসী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন